দৈনিক

তারিখ 26 FEB 2008

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটকে বিশ্বমানের ভাষা প্রতিষ্ঠানে পরিণত করা হবে : শিক্ষা উপদেষ্টা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রকৃত অর্থে একটি আন্তর্জাতিক মানের ভাষা ইনস্টিটিউটে পরিণত করা হবে। এখানে বিশ্বের বিভিন্ন জাতিগোষ্ঠীর ভাষার তথ্য সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ, পর্যালোচনা ও গবেষণা করা হবে। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটকে ঘিরে গড়ে তোলা হবে সাংস্কৃতিক বলয়। সোমবার সেগুনবাগিচায় নির্মিতব্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। এ সময় শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এসএমএ ফায়েজ, অতিরিক্ত সচিব মোঃ আশরাফুল মকবুল, বাংলা একাডেমীর মহাপরিচালক ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশের সভাপতি অধ্যাপক সিরাজুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

২০০০ সালের জুন মাসে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রকল্প হাতে নেয়া হলেও বিভাগীয় প্রতিবন্ধকতার মধ্য অতিক্রমে কাজ পিছিয়ে যায়। বর্তমানে এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ২১ কোটি ৫৮ লাখ টাকা। সেগুনবাগিচায় প্রায় ১ একর জমির ওপর নির্মিতব্য এ ভবনে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের আর্কাইভ, ল্যাবরেটরি, মিউজিয়াম, অডিটোরিয়াম, গ্রীন রুম, কার পার্কিং, ভিআইপি লাউঞ্জসহ সকল সুযোগ সুবিধা রয়েছে।